২০১৬

বাংলা

দ্বিতীয় পত্র

পূর্ণমান ঃ ১০০

সময় ঃ ৪ ঘন্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

প্রথমার্ধ

[মান—৫০]

৫ নং প্রশ্ন ও আরো *দুটি* প্রশ্নের উত্তর দাও।

১। কেন্তম্ ভাষা-পরিবারগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও। ১৬

২। বৈদিক-সংস্কৃত ভাষার থেকে ধ্রুপদী সংস্কৃত ভাষার পার্থক্য আলোচনা করো। ১৬

৩। মহারাষ্ট্রী প্রাকৃতের ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ১৬

৪। টীকা লেখো ঃ ৮+৮

(ক) পৈশাচী প্রাকৃত ;

(খ) প্রাচীন বাংলা ভাষা।

৫। নিম্নলিখিত যে কোনো *দুটি* অংশের বঙ্গানুবাদ করো এবং রেখাঙ্কিত পদগুলির ব্যাকরণগত টীকা লেখো ঃ ৯+৯

(ক) উল্ললই *দব্ভকবলং* মঈ-পরিচ্চত্তণচ্চণা *মোরী*।
ওসারিঅ পাণ্ডুবত্তা মুঅন্তি অংসূইংবল আও।।

(খ) *অরিহসি* যে চুঅঙ্কুর দিন্নো কামস্স গহিঅচাবস্স
সচ্চবিঅ-জুঅই-লক্খো *পঞ্চব্ভহিও* সরোহোউং।।

(গ) হত্তে *কুণ্ডীলআ*, কাধহি কহিং তএ
এশে মহালদণভাণ্ডলে *উক্কিন্ননামক্খলে*
লা অকীএ অঙ্কুলীঅএ শমাশাদিদে।।

দ্বিতীয়ার্ধ

[মান—৫০]

১১ নং প্রশ্ন ও আরো যে কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও।

৬। মূলধ্বনি (Phoneme) ও সহধ্বনি (Allophone) কী? মূলধ্বনি নির্ণয়ের পদ্ধতি সম্পর্কে আলোচনা করো। ৩+৩+১০

৭। বাংলাভাষায় ক্রিয়াবিভক্তি অনুসারে কালের বৈচিত্র্য আলোচনা করো। ১৬

৮। তুলনামূলক ভাষাতত্ত্বচর্চার উদ্ভব ও বিকাশ সম্পর্কে আলোচনা করো। ১৬

৯। ভাষাচর্চায় ফার্দিনান্দ দ্য সোস্যুরের ভূমিকা বিচার করো। ১৬

১০। টীকা লেখো ঃ ৮+৮

(ক) মধ্যযুগের বাংলা ভাষার বাক্যগঠনগত বৈশিষ্ট্য।

(খ) অধোগঠন ও অধিগঠন।

১১। (ক) বাংলা স্বরধ্বনিগুলির জন্য প্রযোজ্য আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার বর্ণগুলি লেখো। ৭

(খ) পশ্চিমবঙ্গের যে কোনো এগারোটি জেলার নাম আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লেখো। ১১

———